



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা



বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০১.১১.০০১.১৮.৩

তারিখ: ২১ পৌষ ১৪২৯

০৫ জানুয়ারি ২০২৩

সভার নোটিশ

বিষয়: হিসাবরক্ষণ কর্মকর্তা (১০ম গ্রেড) পদে নিয়োগের জন্য নিয়োগ সংক্রান্ত কমিটির সভা আহ্বান।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সাংগঠনিক কাঠামোভুক্ত হিসাবরক্ষণ কর্মকর্তা (১০ম গ্রেড)-এর ০১ (এক) টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ সংক্রান্ত কমিটির সভা আগামী ১০ জানুয়ারি ২০২৩ খ্রি: মঙ্গলবার সকাল ০৯.৩০ মিনিটে ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয় এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

- ১। হিসাবরক্ষণ কর্মকর্তা (১০ম গ্রেড) পদে জনবল নিয়োগের বিষয়ে আলোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ;
- ২। বিবিধ।

৫-১-২০২৩

কাজী দেলোয়ার হোসেন

পরিচালক

ফোন: ০২-৫৫০০০৪২৬

ইমেইল:

director@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (একজন উপর্যুক্ত পর্যায়ের কর্মকর্তাকে প্রতিনিধি হিসাবে মনোনয়ন প্রদান এবং সভায় অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ (যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে প্রতিনিধি হিসাবে মনোনয়ন প্রদান এবং সভায় অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে প্রতিনিধি হিসাবে মনোনয়ন প্রদান এবং সভায় অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা-কে প্রতিনিধি হিসাবে মনোনয়ন প্রদান এবং সভায় অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (মহোদয়ের সদয় অবগতির জন্য)